# আল-লাইল | Al-Lail | ٱللَّيۡل

আয়াতঃ ৯২ : ৭

## আরবি মূল আয়াত:

فَسَنُيَسِّرُهُۥ لِلۡيُسۡرَىٰ ﴿٧﴾

## অনুবাদসমূহ:

আমি তার জন্য সহজ পথে চলা সুগম করে দেব। — আল-বায়ান

আমি তার জন্য সহজ পথে চলা সহজ করে দেব। — তাইসিরুল

অচিরেই আমি তার জন্য সুগম করে দিব সহজ পথ। — মুজিবুর রহমান

We will ease him toward ease. — Sahih International

### ৭. আমরা তার জন্য সুগম করে দেব সহজ পথ।(১)

(১) এটি হচ্ছে উপরোক্ত প্রচেষ্টার ফল। যে ব্যক্তি উক্ত বিষয়গুলো সঠিকভাবে করে, তার জন্য আল্লাহ তা'আলা তার সব উত্তম কাজ করা ও উত্তম কাজের উপায় সহজ করে দেন, আর খারাপ কাজ থেকে বিরত থাকা সহজ করে দেন। [সা'দী]

তাফসীরে জাকারিয়া

### ৭। অচিরেই আমি তার জন্য সুগম করে দেব (জান্নাতের) সহজ পথ। [1]

[1] يُسرَى শব্দের অর্থ হল পুণ্য এবং সুন্দর আচরণ। অর্থাৎ, আমি তাকে পুণ্য কাজ করার এবং আনুগত্যের তওফীক দান করি এবং সেগুলি করা তার জন্য সহজ করে দিই। ব্যাখ্যাকারকগণ বলেন, এই আয়াতটি আবু বকর (রাঃ)-এর শানে অবতীর্ণ হয়েছে। তিনি ছয়জন ক্রীতদাসকে স্বাধীন করেছিলেন, যাদেরকে মুসলমান হওয়ার কারণে মক্কাবাসীরা খুবই কষ্ট দিত। (ফাতহুল ক্বাদীর)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6065

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন